মোংলায় সড়ক দূর্ঘটনা রোধে ব্যতিক্রমধর্মী উদ্যোগ

মোংলার সড়ক মহাসড়কে অপরিকল্পিত ভাবে তৈরী করা হয়েছে স্পিড বেকার, যেখানে কোন রং করা হয়নি, নেই কোন সাংকেতিক চিহৃ, এছাড়াও অবৈধ ড্রেজার পাইপ লাইনের কারনে প্রতিনিয়ত ঘটছে দূর্ঘটনা । সড়ক গুলোতে যততত্র স্পিড বেকার তৈরী, মেইন সড়কের উপর দিয়ে অবৈধ ড্রেজার পাইপ লাইন বসানোর কারনে সড়ক গুলো যেন মরন ফাঁদে পরিনত হয়েছে। গত ২০ সেপ্টেম্বর রাত সাড়ে ৯ টায় মাদ্রাসা রোডের রাস্তার উপরে বসানো ড্রেজারের পাইপ লাইনের সঙ্গে সজোরে ধাক্কা লেগে মোটর সাইকেল আরোহী রাজু হাওলাদার (২৪) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। এ ঘটনার আগেও স্পিড বেকার ও ড্রেজার পাইপ লাইনের কারনে বহু হতাহতের খবর পাওয়া গেছে।

তাই মোংলা উপজেলার সড়ক মহাসড়কে দূর্ঘটনা রোধে ব্যতিক্রমধর্মী কর্মসূচি পালন করেছে মোংলার ঐতিহ্যবাহী স্বেচ্ছাসেবি সংগঠন শেখ আব্দুল হাই ব্লাড ফাউন্ডেশন।
২১ থেকে ২২ সেপ্টেম্বর সকাল থেকে গভীর রাত পর্যন্ত সংগঠনের সদস্যরা পৌর এলাকার বেশিরভাগ সড়ক মহাসড়কের উপর তৈরী করা স্পিড বেকার গুলোতে রং করে সাংকেতিক চিহৃ তৈরী করেছে। স্পিডব্রেকারগুলোতে রঙ ও সাংকেতিক চিহৃ ব্যবহার করার কারনে এখন মোটর সাইকেল,টমটম ও অন্যান্য যানবাহন চলাচলে অনেক সুবিধা হয়েছে বলে জানান সোনাইলতলা ইউনিয়ন থেকে প্রতিদিন মোংলা শহরে যাতায়াত করা মৎস্য ব্যবসায়ী জাকির হোসেন। তিনি এ মহৎ কাজের জন্য আব্দুল হাই ব্লাড ফাউন্ডেশনের তরুনদের ধন্যবাদ জানান।

জানতে চাইলে সংগঠনের সভাপতি রাজুল ইসলাম সানি বলেন, ইপিজেড ও বন্দর এলাকায় অবস্থিত কারখানাগুলোতে কর্মরত কয়েক হাজার নারী পুরুষ প্রতিদিন গ্রাম থেকে শহরে আসে। প্রতিদিন অসংখ্য যানবাহন শহরে চলাচল করে। বিশেষ করে ইপিজেডের বেশীরভাগ শ্রমিক রাতে কাজ শেষে মোটর সাইকেল, টমটম, ইজিবাইকে বাড়ী ফিরে যায়। কিন্তু শহর ও গ্রাম এলাকার সড়ক মহাসড়ক গুলোর স্পিড বেকারে কোন রঙ বা সাংকেতিক চিহৃ না থাকায় প্রায়ই আমরা সড়ক দূর্ঘটনার খবর পাই। তাই আমাদের এ ক্ষুদ্র উদ্যোগের কারনে যদি কিছুটা দূর্ঘটনা রোধ করা

যায় তাতেই আমরা স্বার্থক।

সামাজিক সংগঠন তারুণ্য মোংলা’র সভাপতি ও মোংলা সাহিত্য পরিষদের আহবায়ক মনির হোসেন বলেন, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে সড়কের উপর ড্রেজারের পাইপ বসানোর কারনে মোংলা শহরে বেশ কয়েকটি দূর্ঘটনা ঘটেছে। সড়কের উপরে ড্রেজার পাইপ বসানো থেকে সবাইকে সাবধান থাকা উচিৎ। শহরের যে সব জায়গায় স্পিড ব্রেকার আছে সেখানে রাতের বেলা লাইটিং সিষ্টেম চালু রাখার দাবি জানান তিনি।